

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
জাতীয় কার্যালয়, গাইড হাউজ
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
ইমেইল- bgguidesho@gmail.com

স্মারক- বাগাণা/প্রঃকাঃ/প্রশা/০০৭/০৩১/২০২৩- ২২৪

তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয় : ভারতের মধ্যপ্রদেশের পাঁচমারীতে অনুষ্ঠিতব্য 25th International Adventure Programme 2024 কর্মসূচীতে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, Bharat Scouts & Guides আগামী ২-৮ ফেব্রুয়ারী ২০২৪ তারিখ পর্যন্ত ভারতের মধ্যপ্রদেশে অবস্থিত পাঁচমারী ন্যাশনাল এ্যাডভেঞ্চার ইন্সটিটিউট পাঁচমারীতে 25th International Adventure Programme 2024 কর্মসূচীর আয়োজন করেছে। উক্ত কর্মসূচীতে অংশগ্রহণের জন্য Bharat Scouts & Guides আমন্ত্রণ জানায়। উল্লেখিত কর্মসূচীতে অংশগ্রহণের আনুমানিক ব্যয় বিবরণ নিম্নে উল্লেখ করা হলো-

ক্রমিক	বিবরণ	টাকা
১.	ক্যাম্প ফি US \$ 150 x 120	১৮,০০০.০০
২.	যাতায়াত (ট্রেন/বাস- কম/বেশি)	১৫,০০০.০০
৩.	ভিসা ফি	২,০০০.০০
৪.	আনুসঙ্গিক	৫,০০০.০০
	মোট	৪০,০০০.০০

কথায় : চল্লিশ হাজার টাকা।

উল্লিখিত কর্মসূচীতে অংশগ্রহণের জন্য ১২-৫৫ বছর বয়সী পাসপোর্টধারী শারীরিক সুস্থতা সম্পন্ন সক্ষম গাইড, রেঞ্জার, গাইডার, কমিশনারগণদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের আগামী ২০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কমিশনারের মাধ্যমে জাতীয় কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদন পত্রের সাথে পাসপোর্টের ফটোকপি (কমপক্ষে বর্ণিত কর্মসূচীর তারিখ হতে ৬ মাস মেয়াদ থাকতে হবে), জাতীয় পরিচয় পত্র বা জন্ম নিবন্ধনের ফটোকপি, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, ইংরেজীতে লেখা জীবন বৃত্তান্ত এবং সংযুক্ত ফরম পূরণ করে জাতীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কমিশনারগণ মনোনীত সদস্যদের শারীরিক ফিটনেস, গাইড ও রেঞ্জার সদস্যদের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও অভিভাবকের নিকট হতে অনাপত্তি সার্টিফিকেট ইত্যাদি পর্যবেক্ষণ সাপেক্ষে ভিসা সংগ্রহের ব্যাপারে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে প্রতিষ্ঠান, জেলা, অঞ্চল এবং ব্যক্তিগত তহবিল হতে এই কর্মসূচীর ব্যয় বহন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। জাতীয় কার্যালয় কোন ব্যয়ভার বহন করবে না। উল্লেখ্য, কর্মসূচীর ব্যয় কম/বেশি হতে পারে। এছাড়াও, অংশগ্রহণকারী সদস্যদের স্ব-স্ব অঞ্চলে আগামী ০৫ (পাঁচ) বছর গার্ল গাইডস্ কার্যক্রমে সক্রিয়ভাবে সংযুক্ত থাকতে হবে।

সংযুক্তি :

- (১) আবেদন ফরম; (২) ট্যুর প্লান;
- (৩) মেডিকেল সার্টিফিকেট ফরম; (৪) রিপ্লাই স্লিপ;

(মোঃ হাফিজুল ইসলাম)
জেনারেল সেক্রেটারী (অতি. দায়িত্ব)
ও প্রকল্প কর্মকর্তা
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

আঞ্চলিক কমিশনার

রাজধানী, ঢাকা, রাজশাহী, রংপুর, বরিশাল, সিলেট, চট্টগ্রাম, খুলনা, কুমিল্লা, ময়মনসিংহ অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

অবগতি ও কার্যার্থে প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. জাতীয় কার্যনির্বাহী কমিটির সকল কমিশনার, সদস্য ও যুবানেত্রী, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।
২. জেনারেল সেক্রেটারী, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।
৩. জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।
৪. পিএস টু এনসি (জাতীয় কমিশনার মহোদয়ের অবগতির জন্য), বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।
৫. ট্রেইনার, জাতীয় কার্যালয়, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।
৬. সংশ্লিষ্ট নথি/ মাষ্টার নথি